ভোটের আগে রূপগঞ্জে নিরাপত্তা প্রস্তুতি, মহড়ায় আইনশৃঙ্খলা বাহিনী



ছবি: রূপগঞ্জ প্রতিনিধি

নারায়ণগঞ্জ-১ (রূপগঞ্জ) আসনে শান্তিপূর্ণ ও নিরপেক্ষ ভোট আয়োজনের প্রস্তুতি হিসেবে আইনশৃঙ্খলা বাহিনী ও ম্যাজিস্ট্রেটদের নিয়ে একটি সমন্বয় সভা এবং মাঠ মহড়া অনুষ্ঠিত হয়েছে।

সোমবার বিকেলে মুড়াপাড়া বিশ্ববিদ্যালয় কলেজ অডিটোরিয়ামে আলোচনা পর্ব শেষে কলেজ মাঠে বাস্তবভিত্তিক মহড়া দেওয়া হয়। এতে নির্বাচনী এলাকায় শৃঙ্খলা বজায় রাখা, সম্ভাব্য অপ্রীতিকর পরিস্থিতি মোকাবেলা, তাৎক্ষণিক ব্যবস্থা গ্রহণ এবং দায়িত্ব বণ্টন নিয়ে কৌশলগত অনুশীলন করা হয়।

সভায় সভাপতিত্ব করেন রূপগঞ্জ উপজেলা নির্বাহী কর্মকর্তা ও সহকারী রিটার্নিং কর্মকর্তা সাইফুল ইসলাম। বক্তব্য দেন ম্যাজিস্ট্রেট হেমায়েত উদ্দিন ও মাসুম বিল্লাহ।

এ সময় রূপগঞ্জ আর্মি ক্যাম্পের লেফটেন্যান্ট কর্নেল আহসান, মেজর রিয়াদ, নারায়ণগঞ্জ জেলা পুলিশের সহকারী পুলিশ সুপার মেহেদী ইসলাম, রূপগঞ্জ থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা সবজেল হোসেনসহ সেনাবাহিনী, নৌবাহিনী, বিজিবি, আনসার ও পুলিশের সদস্যরা উপস্থিত ছিলেন।

LENS ASIA